

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর

স-১০৪ (আগরতলা ১৩।০৪)

তেলিয়ামুড়া, ১৩ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

তেলিয়ামুড়া মহকুমায় স্ট্রং রুম পরিদর্শনে সিইও

আসন্ন লোকসভা নির্বাচন উপলক্ষে আজ রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক পুনিত আগরওয়াল ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের তেলিয়ামুড়া মহকুমায় ৩টি বিধানসভা ক্ষেত্রের স্ট্রং রুমগুলি পরিদর্শন করেন। স্ট্রং রুম পরিদর্শনের সময় ২৭-কল্যাণপুর-প্রমোদনগর বিধানসভা ক্ষেত্রের এআরও অভিজিৎ চক্রবর্তী, ২৮-তেলিয়ামুড়া বিধানসভা ক্ষেত্রের এআরও শীর্ষেন্দু দেববর্মা, ২৯-কৃষ্ণপুর (এসটি) বিধানসভা ক্ষেত্রের এআরও এ কে চক্রবর্তী প্রমুখ উপস্থিত ছিলেন। মুখ্য নির্বাচন আধিকারিক এদিন তেলিয়ামুড়া মহকুমা শাসকের কার্যালয়ে ২৭-কল্যাণপুর-প্রমোদনগর, ২৮-তেলিয়ামুড়া, ২৯-কৃষ্ণপুর (এসটি) বিধানসভা ক্ষেত্রের ভোট গ্রহণের প্রস্তুতি খতিয়ে দেখেন এবং প্রয়োজনীয় পরামর্শ দেন।
